(3)

I 8292 ~~I 8294~~ 150 Rs.

INDIA NON JUDICIAL

१५० रु.

R$150

भारत

एक सौ पचास रुपया ONE HUNDRED & FIFTY RUPEES

Sub-Registrar of Alipur
Dist. 24 PARGANAS
15-10-66

কোবালা গ্রহিতা ঃ -

শ্রীমতী গৌরী জানা স্বামী শ্রী অনুপম জানা , জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং ৯৪ জি, কাকুলিয়া রোড, থানা টালিগঞ্জ, কলিকাতা - ১৯ ।

কোবালা দাতা ঃ -

১। অহেদ আলি গাজি ওরফে ওয়াহেদ আলি গাজি, পিতা মৃত উমেদ আলি গাজি, ২। মেনাজদ্দিন মণ্ডল, পিতা মৃত নিমাই মণ্ডল, ৩। মুমতাজান বিবি জওজে অহেদ আলি গাজি ওরফে ওয়াহেদ আলি গাজি, ৪। আহম্মদ আলি মণ্ডল, ৫। সওকাত আলি মণ্ডল, ৬। জিয়াদ আলি মণ্ডল, পিতা মৃত আব্দুল শুকুর মণ্ডল , ৭। হিঙ্গলজান বিবি জওজে মৃত আব্দুল শুকুর মণ্ডল, ৮। অজিমন্নেছা বিবি জওজে আনোয়ার

6409
Sm. Gouri Jaoe
99/ G. Nonkulia (?)
Cl-19

5/-
2/1/66

6409 - 50/-
6410 - 15/-
105/-

THE SEAL OF THE SUB-REGISTRAR

Executants

2 ... 15th (1) Mohabbar Ali Gazi ...
... of 66 ... the Office ... Ali Gazi alias ...
the Sub ... of Brahmapur ...
... by Mohabbar Ali ... by Caste Muslim
...
... alias ...
Mondal, ...
Mondal, ...
Mondal, ...
Bibi ...
Bibi ...
Bibi ...
1966 ...
Alipore (2) ...

...
15-1966.
Sub-Registrar of Alipur
Dist. 24 PARGANAS

[illegible]

10438

Executants
...
Son/Wife of...
of...
Thana...
District...
By Caste ... by Profession

Jatindra Nath Ghosh

...
15-1966.
Sub-Registrar of Alipur
Dist. 24 PARGANAS

15 RS.

पन्द्रह रुपया

भारत

INDIA

१५रु. FIFTEEN RUPEES 15Rs.

।২।

হোসেন , ৯। আব্দুল জব্বার মণ্ডল পিতা মৃত গোলাম রব্বানী মণ্ডল, ১০। সুরাত নেছা বিবি জওজে মৃত গোলাম রব্বানী মণ্ডল, ১১। নুর কিসম বিবি জওজে আহম্মদ নবী, ১২। মর্জ্জিনা বিবি জওজে ওম্বর আলি মোল্লা, সর্ব্ব জাতি মুসলমান পেশা বিষয়ভোগী, সর্ব্ব সাং বুন্ধপুর থানা যাদবপুর , জেলা ২৪ পরগণা ।

সমর্থনকারী দাতা ঃ –

১৩। শ্রী সুব্রত গুপ্ত পিতা শ্রী পুলিন বিহারী গুপ্ত সাং ৩৫ নং নাকতলা রোড "উমেশ ভবন" কলিকাতা – ৪৭, থানা যাদবপুর, জেলা ২৪ পরগণা । ১৪। শ্রী প্রকাশ রঞ্জন রায় পিতা মৃত প্রসন্ন কুমার রায়, সাং রায়পুর, কেয়াবাগান থানা যাদবপুর, জেলা ২৪ পরগণা , ১৫। শ্রী সন্তোষ কুমার দে পিতা মৃত শরৎ চন্দ্র দে, হাল সাং ২৭৫ নং গাঙ্গুলী বাগান গভর্ণমেণ্ট কলোনী, নাকতলা, কলিকাতা – ৪৭, সর্ব্ব জাতি হিন্দু, পেশা ব্যবসা ।

কস্য রায়ত মোকররী সুত্বের নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত স্থানীয় পরিমাপে ১২।।৫´ স্কোয়ার ফিট জমি মায় যাবতীয় আকর আওলাতাদি মায় সর্ব্ববিধ ইজমেণ্ট সুত্বাদি দরবস্ত হক হকুক সম্পাত্তি নির্দ্দায়, নির্দ্দোষ অবস্থায়

No. 6410
Sold to Smt. [illegible]
94/ [illegible]
of [illegible]
For Rs. 15/-
Date 3/10/66
24-Parganas [illegible]

THE SEAL OF THE SUB-REGISTRAR ALIPUR
DIST.-24-PARGA[NAS]

Sub-Registrar of Alipur
Dist. 24 PARGANAS
15-10-66

[illegible]

10440

10439

বিক্রয়ের সাফ কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে ঃ –

জেলা ২৪ পরগণা, থানা সদর টালিগঞ্জ, বর্ত্তমানে যাদবপুর সবরেজেষ্ট্রী আলিপুর পরগণা মাগুরার এলাকাধিন রেঃ সাঃ নং ১৬৯, জেঃ এলঃ নং ৪৮, মৌজা বুন্দিপুর মধ্যে অত্র জেলা কালেক্টারির ৬০ নং তৌজি ভুক্ত বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার অধিন ডিঃ সেঃ ৫৫১ নং খতিয়ানের ·৬৩ শতক জমির সামিল ______________ ৬২ নং বানিয়া মৌজার ৩৫৩ নং খতিয়ান ভুক্ত জমির দরুন বার্ষিক ৯৸৵৬ পাই টাকা হাল জরিপে ধার্য্য বার্ষিক ৪·১৪ পয়সা খাজনার রায়ত মোকররী স্বত্বের জমি জমার এবং ঐ মৌজার ১৮২ নং হাল ৯৭৭ নং খতিয়ান ভুক্ত মোট ·২৬ শতক জমির সামিল সোনারপুর মৌজায় ৬২ নং বানিয়া মৌজায় ৩৫৪ নং খতিয়ানের জমির দরুন বার্ষিক ৫ টাকা খাজনার জমি জমায় আব্দুল শুকুর মণ্ডল বকম ।০ আনা, গোলাম রব্বানী মণ্ডল বকম ।০ আনা, মেনাজদ্দিন মণ্ডল বকম ।০ আনা অংশ মরিজান বিবি বকম ৵০ আনা, মুক্তাজান বিবি বকম ৵০ আনা, অংশে স্বত্ববান ও স্বত্ববতী মালিক দখলিকার থাকেন। অতঃপর উক্ত ১৮২ নং খতিয়ান হাল ৯৭৭ নং খং ভুক্ত ·২৬ শতক জমি উক্ত সবিক স্বত্বাধিকারী গণ অন্যান্য সম্পত্তি সহ জনৈক দাশরথী গঙ্গোপাধ্যায়ের নিকট বিক্রয় করতঃ নিঃস্বত্ব হয়েন। তদনন্তর উক্ত দাশরথী গঙ্গোপাধ্যায় এর নিকট হইতে গুরুবায় বিগত ইং ২১।৭।৩৬ তারিখে মোকাম বেহালা সবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রী কৃত ১ নং বহির ২২ নং ভল্যুমের ১৪১ হইতে ১৪৩ নং পাতায় লিপিবদ্ধ ১৯৩৬ সালের ১৪৫৭ নং

চিরস্থায়ী বন্দোবস্তী কবুলিয়ত মূলে বার্ষিক ৩৮.০০ টাকা খাজনা ধার্য্যে উক্ত ১৮২ নং খতিয়ান ভুক্ত জমি সহ অন্যান্য জমি প্রাক্তন প্রজা উল্লিখিত আব্দুল শুকুর মণ্ডল, গোলাম রব্বানী মণ্ডল, মেনাজদ্দিন মণ্ডল, মরিজান বিবি, ও মুক্তাজান বিবি, রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার হয়েন। এমতাবস্থায় মরিজান বিবির নিকট হইতে উপরোক্ত খতিয়ান ভুক্ত জমি জমার প্রাপ্য স্বত্বাংশ অর্থাৎ রকম ৵০ আনা অংশ বিগত ইং ১২।৭।৪৪ তারিখে মোকাম আলিপুর সবরেজিস্ট্রী অফিসের রেজিস্ট্রী কৃত একক্তো কোবালা দলিল দ্বারা অহেদ আলি গাজি, ওরফে ওয়াহেদ আলি গাজি খরিদ করিয়া সমুদয় জমা জমির রকম ৵০ আনা অংশের মালিক দখলিকার হয়েন। অতঃপর উক্ত ১৮২ নং খতিয়ান ভুক্ত জমি হাল ৯৭৭ নং খতিয়ানে ৩০১ নং দাগের ২৬ শতক জমি এবং উক্ত ৫৫১ নং খতিয়ান ভুক্ত জমি হাল ৫৫১ নং খতিয়ানেই প্রত্যেক সরিকের পাওনা অংশ মত রেকর্ড ভুক্ত হইয়াছে।

এমতপ্রকার উল্লিখিত ১৮২ হাল ৯৭৭ এবং ৫৫১ নং খতিয়ান ভুক্ত জমি জমায় উক্ত সরিক স্বত্বাধিকারীগণ খাসে স্বত্ববান মালিক দখলিকার থাকাবস্থায় উক্ত আব্দুল শুকুর মণ্ডল, তিন পুত্র যথাক্রমে আহম্মদ আলি মণ্ডল জিয়াদ আলি মণ্ডল, সওকাত আলি মণ্ডল, এক কন্যা অতিমন্নেছা বিবি, এক পত্নী হিজলজান বিবিকে ওয়ারেশ উত্তরাধিকারী রাখিয়া পরলোক গমন করায় উক্ত ওয়ারিশগণ অর্থাৎ অত্র দলিলের ৪ – ৮ নং দাতাগণ আব্দুল শুকুর মণ্ডল ত্যক্ত সম্পত্তি নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইয়া অন্যান্য সরিকগণ সহ এজমালে ভোগ দখল করিয়া আসিতেছেন। এবং উক্ত

গোলাম রব্বানী মণ্ডল এক পুত্র আব্দুল জব্বার মণ্ডল দুই কন্যা মর্জিনা বিবি, নুর বিশন বিবি এক পত্নী সুরাতন্নেছা বিবিকে ওয়ারেশ উত্তরাধিকারী রাখিয়া অন্য কোন ওয়ারেশ উত্তরাধিকারী না রাখিয়া পরলোক গমন করায় উক্ত গোলাম রব্বানী মণ্ডল ত্যক্ত সম্পত্তি উক্ত ওয়ারেশ উত্তরাধিকারীগণ অর্থাৎ অত্র দলিলের ৯ -১২ নং কোবালা দাতাগণ প্রাপ্ত হইয়া খাসে শরিকগণ এজমালে ভোগ দখল করিয়া আসিতেছেন এবং মেনারুদ্দিন মণ্ডল, ও মুক্তাজান বিবি স্বয়ং নিজ স্বত্ব দখল পরিচালনে ভোগ দখল করিয়া আসিতেছেন ও উক্ত মরিজান বিবির স্বত্বাংশ অহেদ আলি গাজি খরিদ করিয়া স্বত্ববান মালিক দখলিকার আছেন।

অতএব এমত প্রকারে আমরা অত্র কোবালা দাতাগণ উপরোক্ত ৫৫১, ১৮২ নং হাল ৯৭৭ নং খতিয়ান ভুক্ত সম্পত্তিতে পূর্ব্বোক্ত প্রকারে ওয়ারেশ উত্তরাধিকারী সূত্রে ও খরিদ সূত্রে প্রাপ্ত হইয়া অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নির্ব্যূঢ়, সার্ব্বভৌম স্বত্বে স্বত্ববান ও স্বত্ববতী মালিক দখলিকার ও দখলকারিণী আছি।

নানা প্রকার কারণে আমাদের নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমাদের উক্ত সম্পত্তির মধ্যে রুদ্রপুর মৌজার অন্যান্য খতিয়ান ভুক্ত ২৯৮, ২৯৯, ২৯৪, ২৯৯/৪১৭ নং দাগ ভুক্ত জমি সমেত উল্লিখিত ৫৫১ নং খতিয়ানের ৩০২ নং দাগের ৪৩ শতক ও ১৮২ হাল ৯৭৭ নং খতিয়ানের ৩০১ নং দাগের ·২৬ শতক জমি নির্দায় নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষনা করিলে অত্র দলিলের সমর্থনকারী দাতাত্রয় যথাক্রমে সুব্রত গুপ্ত, প্রকাশ রঞ্জন রায়, এবং সন্তোষ কুমার দে উক্ত জমি আমাদের নিকট হইতে খরিদ করিবার চুক্তিতে

বিগত ইং ৬।১।৬৬ তারিখে আমাদিগকে বায়না প্রদান করায় আমরা তাহা গ্রহণ করতঃ এককেতা বায়না পত্র সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিয়াছি । উহা আলিপুর সবরেজিস্ট্রী অফিসের ১ নং বহির ১১ নং ভলুমে ১১০ হইতে ১১৬ নং পাতায় লিপিবদ্ধ ১৯৬৬ সালের ১০৪ নং বায়না পত্র রূপে রেজিস্ট্রী হইয়াছে । উক্ত সম্পত্তি বায়না করিবার পর অত্র দলিলের সমর্থনকারী দাতাগণ তাহাদের নিজ নিজ ব্যয়ে আমাদের মাধ্যমে তাহাদের খরচায় উক্ত জমির মাটি কাটিয়া নানা প্রকারে উন্নয়ন পূর্ব্বক বাসযোযোগী করতঃ উক্ত জমির মধ্য দিয়া প্রত্যেকটি প্লটের জমিতে যাতায়াত জন্য রাস্তা নির্দ্দিষ্ট মতে ডেভেলপ করা বায়না কৃত জমি ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত মতে আমাদের সম্মতিক্রমে একটি স্কীম করিয়াছেন । এক্ষণে অত্র দলিলের দাতাগণ উক্ত জমি অর্থাৎ প্লট গুলি বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা উক্ত জমির মধ্যে ৫৫১ নং খতিয়ান ভুক্ত ৩০২ নং দাগের '৪৩ শতক জমির একাংশি ভুক্ত স্থানীয় পরিমাপে ৴২।।৫ দুই কাঠা আট ছটাক পাঁচ স্কেয়ার ফিট জমি যাহা অত্র সহ সংযোজিত ১ নং নক্সায় লাল রংয়ে রেখা দ্বারা সীমানা নির্দ্ধারিত ২৯ নং প্লট ভুক্ত হইতেছে । তাহা ৫৬৪০ '৬০ পয়সা টাকা পণে সমর্থনকারী দাতাগণের মাধ্যমে খরিদ করিবার প্রস্তাব করায় এবং উক্ত পণে ঐ প্লট ভুক্ত জমি সমর্থনকারী দাতাগণ আপনার নিকট বিক্রয় করিয়া দিবার জন্য আমাদের নিকট সুপারিশ করায় আমরা বায়নার সর্ত মত তাহাতে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে মোট পণ মূল্যের ৫৬৪০ '৬০ পয়সা টাকা অন্দরে ১ হইতে ১২ নং দাতাগণ ৩০০৮ — ৩০ তিন হাজার আট টাকা ত্রিশ পয়সা এবং ১৩ হইতে ১৫ নং

সমর্থনকারী দাতাগণ উক্ত জমির উন্নতি সাধন জন্য খরচ খরচা বাবদ মং ২৬৩২.৩০ দুই হাজার ছয় শত বত্রিশ টাকা ত্রিশ পয়সা টাকা গ্রহণে দাতাগণ একযোগে অত্র সাফ বিক্রয় কোবালা মূলে উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত ।২।।৫ দুই কাঠা আট ছটাক পাঁচ স্কোয়ার ফিট জমি আপনার নিকট বিক্রয় করতঃ বিক্রিত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম, এবং আপনাকে খাস দখল দিলাম। আপনি অদ্য হইতে বিক্রিত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলকার হইয়া মালেকান সরকারে আমাদের নামের পরিবর্ত্তে নিজ নাম পত্তন ক্রমে করাদি আদায় পূর্ব্বক দান, বিক্রয়, বিলি, খন্ডনাদি সর্ব্ব প্রকার হস্তান্তর অবস্থান্তর ও ইট ইমারতাদি নির্ম্মাণের স্বত্বাধিকারিত্বে সর্ব্ববিধ রূপান্তর করণের ক্ষমতা যুক্তে যদিচ্ছা মত ব্যবহারে আমাদের তুল্য ক্ষমতা পরিচালনে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে নির্ব্বূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকুন। বিক্রিত সম্পত্তিতে আমাদের যে কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল অধিকার ছিল বা আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ, রহিত, বিলুপ্ত ও ধ্বংস হইয়া আপনার প্রতি নির্ব্বূঢ় স্বত্বে বর্ত্তিল বা অর্শিল। কালে কস্মিন আমরা কিংবা আমাদের ওয়ারেশ স্থলাভিষিক্ত গণক্রমে কেহ অত্র বিক্রীত সম্পত্তির দরুণ কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করি কিংবা করে তাহা সর্ব্ব প্রকার আদালতে সর্ব্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবেক।

বিক্রিত জমি আমরা ইতিপূর্ব্বে কাহারও নিকট কোন প্রকার দান, বিক্রয়, বিলি, পত্তনাদির দ্বারা হস্তান্তর ও হস্তান্তরের চুক্তি কিংবা দায়াবদ্ধ রেহানাবদ্ধ করি নাই। বিক্রিত সম্পত্তিতে অন্য কোন সরিক অংশীদার বা

দাবীদার নাই। বিক্রীত সম্পত্তির উপর কোন প্রকার চার্জ্জ . বা লিয়েন নাই। বিক্রিত সম্পত্তির দরুন কোন মামলা মোকর্দ্দমা চলিত নাই। বিক্রিত সম্পত্তি বাকি করের দায়ে বা অন্য কোন কারণে আদালত কর্তৃক নিলাম বিক্রয় হয় নাই। বিক্রিত ভূমি সম্পর্কে কোন মামলা মোকর্দ্দমা চলিত নাই, বা বিক্রিত জমির মধ্যে কোন মন্দির, মসজিদ , গোরস্থান ইদগাহ , দরগাহ নাই বা বিক্রিত জমি পীরোত্তর বা ট্রাস্ট ভুক্ত সম্পত্তি নহে। বিক্রিত ভূমি গভর্ণমেন্ট কিংবা কোন যৌথ কোম্পানী কর্তৃক রিকুইজিশান বা এ্যাকু ইজিশান করা হয় নাই। বিক্রিত জমি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ মুক্তাবস্থায় আমাদের বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকার ও খাস দখল থাকা কালীন আপনার নিকট বিক্রয় করিলাম। ভবিষ্যতে আমাদের উক্তির বৈপরিত্য ঘটিয়া বা আমাদের শঠতা তঞ্চকতা প্রকাশিত হইয়া বা আমাদের স্বত্ব দখলের ন্যূনতা হেতু আপনার খরিদা স্বত্ব দখলের কোন প্রকার ক্ষতি হইলে আমরা তজ্জন্য সম্পূর্ণ দায়ী ও দণ্ডনীয় হইব এবং আইনতঃ ক্ষতি পূরণ সহ পনের টাকা এক কালিন ফেরত দিতে বাধ্য রহিলাম।

বিক্রিত সম্পত্তি সম্পর্কীয় কাগজ পত্র দলিলাদিতে আমাদের অন্যান্য সম্পত্তি জড়িত থাকায় অত্র দলিল পোষকে আপনাকে দিতে পারিলাম না। তবে আপনার আবশ্যক মত উহা দর্শাইতে বা যে কোন অফিস আদালতে দর্শাইতে বাধ্য রহিলাম।

বিক্রিত ভূমি সম্পর্কে ভবিষ্যতে আমাদের কোন সাক্ষ প্রমান সহি সাবুদের আবশ্যক হইলে তাহা বেওজর আপনার অনুকূলে দিব।

অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি থাকার দরুন ভবিষ্যতে অত্র দলিলের পোষকে কোন সংশোধনী দলিল করিবার আবশ্যক হইলে তাহা বেওজর আপনার অনুকূলে বিনা পণে করিয়া দিতে বাধ্য রহিলাম ।

অত্রসহ সংযোজিত নক্সায় প্রদর্শিত কমন রাস্তার উপর দিয়া আপনি আপনার ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গণক্রমে যান বাহানাদি সমেত অবাধ যাতায়াত করিতে পারিবেন , এবং উক্ত রাস্তা উপর দিয়া বা তলদেশ দিয়া আপনি আপনার ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে নিজ খরিদা জমিতে ইলেকট্রীক কানেকসান, ট্যাপ ওয়াটার, কানেকসান সুয়েজ, ড্রেন ও টেলিফোন আনয়ন করিবার স্বত্বাধিকার সমেত সর্ব্ববিধ ইজমেণ্ট স্বত্বাদি পরিচালনা করিতে পারিবেন ।

প্রকাশ থাকে যে, আমাদের স্কীমের পশ্চিম সীমানা হইতে ডিস্ট্রিক্ট বোর্ডের সরকারী রাস্তা পর্য্যন্ত হরিসভা স্কীমের যে ১৮´ফিট রাস্তা আছে, উক্ত রাস্তার ইজমেণ্ট স্বত্বাধিকার আমরা বিগত ইং ৬।১।১৯৬৬ তারিখে একেতা রেজিষ্ট্রী কৃত দলিল মূলে হরিসভার নিকট হইতে পাকা পাকি ভাবে প্রাপ্ত হইয়াছি । উক্ত দলিলের সর্ত্ত মত আপনি আমাদের স্থলাভিষিক্ত স্বরূপে উক্ত রাস্তায় আপনি আপনার ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে যানবাহনাদি সমেত অবাধ যাতায়াত করিতে ও ইজমেণ্ট স্বত্ব পরিচালনা করিতে পারিবেন । বিক্রীত জমি হইতে ডিস্ট্রিক্ট বোর্ডের সরকারী রাস্তা পর্য্যন্ত যাতায়াতের পথ অত্র দলিলের ২ নং নকসায় হলুদ রংয়ে প্রদর্শিত হইয়াছে ।

আমরা সমর্থনকারী দাতাগণ উক্ত জমি সহ আরও জমি বায়না করতঃ নিজ অর্থে ডেভোলাপ করিয়া ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়াছি। ঐ প্লট গুলির মধ্যে আপনাকে ২৯ নং প্লট কোবালা দাতাগণকে বিক্রয় করিবার জন্য সুপারিশ করায় কোবালা দাতাগণ আপনার নিকট বিক্রয় করিলেন। অত্র বিক্রয়ে আমাদের সম্পূর্ণ সমর্থন রহিয়াছে।

এতদর্থে স্বেচ্ছায় সজ্ঞানে সুস্থ শরীরে নিজ হিতার্থে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পনের টাকা এক কালিন নগদ বুঝিয়া পাইয়া সহি সম্পাদন করিলাম। ইতি সন ১৩৭৩ সালের ২৮শে আশ্বিন। ইংরাজী সন ১৯৬৬ সালের ১৫ই অক্টোবর।

## তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা ২৪ পরগণা, থানা যাদবপুর, সবরেজিষ্ট্রী আলিপুর পরগণা মাগুরার এলাকাধিন রেঃ সাঃ ১৬৯ নং জেঃ এলঃ ৪৮ নং মৌজা ব্রহ্মপুর মধ্যে অত্র জিলা কালেকটারির ৬০ নং তৌজির বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার অধিন জিঃ সেঃ ৫৫১ নং খতিয়ানের মোট ৬৩ শতক জমি সহ ৬২ নং বানিয়া মৌজার ৩৫৩ নং খতিয়ান ভুক্ত জমি সমেত মোট বার্ষিক ৪৵৩ পাই টাকা খাজনার রায়ত মোকররী স্বত্বের জমি জমা মধ্যে ব্রহ্মপুর মৌজার ৫৫১ নং খতিয়ানের ৩০২ নং দাগের ৪৩ শতক জমি এবং সাবেক ১৮২ হাল ৯৭৭ নং খতিয়ান ভুক্ত ৩০১ নং দাগের ২৬ শতক জমি সহ ৬২ নং বানিয়া মৌজার ৩৫৪ নং খতিয়ান ভুক্ত জমির দরুন বার্ষিক ৫৲ টাকা খাজনার রায়তী স্বত্বের জমি জমা মধ্যে ব্রহ্মপুর মৌজার সাবেক ১৮২ হাল ৯৭৭ নং খতিয়ান ভুক্ত ৩০১ নং দাগের ২৬শতক জমি একুনে ৬৯ শতক জমির মধ্যে অর্থাৎ উক্ত ৩০১ ও ৩০২ নং দাগ ভুক্ত ৬৯ শতক জমি মধ্যে অত্র সহ সংযোজিত ১ নং নক্সায় –

লাল রংয়ের রেখা দ্বারা সীমানির্দ্ধারিত ২৯ নং প্লট ভুক্ত /২।।৫ দুই কাঠা আট ছটাক পাঁচ স্কোয়ার ফিট ——— জমি মায় যাবতীয় আকর আওলাতাদি সহ সর্ব্ব প্রকার ইজমেণ্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক সম্পত্তি অত্র কোবালার বিক্রিত সম্পত্তি হইতেছে। উহার হারাহারি খাজনা বার্ষিক ·৫০ পয়সা হইতেছে।

| খতিয়ান নং | দাগ নং | মোট জমি |
|---|---|---|
| সাবেক ১৮২ / হাল ৯৭৭ | ৩০১ তিন শত এক | ·২৬ শতক |
| ৫৫১ সাবেক / ৫৫১ হাল | ৩০২ তিন শত দুই | ·৪৩ শতক |

একুনে ·৬৯ শতক জমি মধ্যে /২।।৫ দুই কাঠা আট ছটাক পাঁচ স্কোয়ার ফিট জমি অত্র কোবালায় বিক্রীত।

বিক্রীত জমির চৌহদ্দি

উত্তরে — অত্র স্কীমের ১৬´ ষোল ফুট চওড়া রাস্তা

দক্ষিণে — অত্র স্কীমের ৩৫ নং প্লটের জমি

পূর্ব্বে — ৩০৭ নং দাগের জমি

পশ্চিম — অত্র স্কীমের ১৬´ ফিট চওড়া রাস্তা।

টাকার জায়

টাকার জায়

বিগত ইং তারিখে বায়না বাবদ – ৫০১

অদ্য রোজ নগদ – – – – – ৫১৩৯ ৬০ পয়সা

একুনে ৫৬৪০ ৬০ পয়সা

মং পাঁচ হাজার ছয় শত চল্লিশ টাকা ষাট পয়সা মাত্র।

ইসাদি :–

Atul Krishna Majumdar
Deed writer
Alipore.


Arohendu Manti Datta
Keya Bazar
Cal-47

Jitendra Nath Gash
Rajnagore

টাইপকারক
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা – ২৭

LAND PLAN OF SCHEME PLOT NO. 29, IN C.S. DAG NOS. 301 & 302,
OF MOUZA - BRAHMAPUR, J.L. NO. 48, SHEET NO. 1,
DIST. 24 PARGANAS.
SCALE :- 40' = 1".

NB :-
SOLD PLOT SHOWN IN RED.
AREA OF PLOT NO. 29 = 2K. 8CH. 5 SFT.



THE SEAL OF THE SUB - REGISTRAR - ALIPUR
DIST. 24-PARGANAS

One plan attached to

Book No. I
Volume No. 155
Pages 77
Being No. 8292
For the Year 19 66

Sub Registrar of Alipur
Dist. 24 PARGANAS
17.10.66.